

শিক্ষার্থীদের যুৎসই পেশা বেছে নিতে এনআইআইটি

উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের পরীক্ষাশেষে সময়ের সদ্যবহারের জন্য এনআইআইটি সঠিক পন্থা উদ্ভাবন করেছে। আর এজন্য শীর্ষস্থানীয় তথ্য-প্রযুক্তি শিক্ষা ও প্রশিক্ষণ কোম্পানি এনআইআইটি শিক্ষার্থীদের অনন্য উপায়ে তথ্য-প্রযুক্তি শিক্ষণ ও প্রশিক্ষণ এবং পেশা নির্বাচন সংক্রান্ত সহায়তার জন্য উপভোগ্য, সরস ও সৃজনশীল উপায়ে বিন্যস্ত ক্যারিয়ারকোপ কর্মসূচি পরিচালনা করেছে। এ কর্মসূচি সমগ্র বাংলাদেশের ১৬টি স্থানে পরিচালনা করা হচ্ছে।

ক্যারিয়ারকোপ মূলত উচ্চমাধ্যমিক শিক্ষার্থী, ভবিষ্যতে পেশা নির্বাচনের সঠিক সহায়তাদানে অত্যন্ত প্রয়োজন। এ কর্মসূচির জন্য এনআইআইটি প্রখ্যাত পেশা উপদেশক কুমকুম ট্যাঙ্কের মাস্টিমিডিয়া ভিত্তিক বিন্যাস ও উপস্থাপনা ব্যবহার করেছে। শিক্ষার্থীরা তথ্য-প্রযুক্তি শিল্পের সম্ভাবনাপূর্ণ তাদের প্রকল্পগুলোও এই প্রদর্শনীতে প্রদর্শন করেছে। এছাড়াও অংশগ্রহণকারীরা এ প্রদর্শনীর জন্য বিশেষভাবে ব্যবহৃত বিভিন্ন কম্পিউটার গেমস ও সরস বিষয়ে অংশ নিয়েছে। যুগপৎভাবে এনআইআইটির সকল কেন্দ্রে কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। প্রায় দেড় হাজার শিক্ষার্থী এ কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। সংবাদ বিজ্ঞপ্তি।